প্রথম আলো

তারিখ 2-3 · JUL · 2013 ... ...
পৃষ্ঠা ... ১৮ ... কলাম ... ৭ ...

কুমিল্লা বিশ্ববিদ্যালয়

# এবার পরীক্ষা ও ক্লাস বর্জন কর্মসূচি শিক্ষক সমিতির

নিজস্ব প্রতিবেদক, কুমিল্লা ●

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য আমির হোসেন খানের বিরুদ্ধে নানা অনিয়ম, দুর্নীতি ও স্বেচ্ছাচারিতার অভিযোগ তুলে ও এর প্রতিবাদে এবার আন্দোলনে নামছে বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি। সাধারণ শিক্ষকদের দাবির পরিপ্রেক্ষিতে আজ মঙ্গলবার থেকে শিক্ষক সমিতি অনির্দিষ্টকালের জন্য ক্লাস ও পরীক্ষা বর্জন কর্মসূচি ঘোষণা করেছে।

সমিতির সদস্যরা প্রতিদিন দুপুর ১২টা থেকে বেলা একটা পর্যন্ত প্রশাসনিক ভবনের সামনে এক ঘণ্টার অবস্থান কর্মসূচি পালন করবেন। একই সঙ্গে উপাচার্য ও তাঁর অনুসারীদের অনিয়মের বিচার দাবি করেছেন। গতকাল সোমবার শিক্ষক সমিতির এক সাধারণ সভায় ওই সিদ্ধান্ত নেওয়া হয়। বঙ্গবন্ধু পরিষদ, প্রগতিশীল শিক্ষক জোট ও সাদা দলের পর এবার শিক্ষক সমিতিও অনিয়মের বিরুদ্ধে মাঠে নামার ব্যাপারে একাট্টা হয়েছে।

সভায় উপস্থিত একাধিক শিক্ষক জানান, সাধারণ শিক্ষকদের কোনো দাবি উপাচার্য পূরণ করতে পারেননি। তাঁর পছন্দসই কিছু শিক্ষককে পদোন্নতি ও তাঁদের কয়েকজনের স্ত্রীকে চাকরি দিয়েছেন। বিভিন্ন কমিটিতে স্থান দিয়ে আর্থিক সুবিধা দিয়েছেন। ওই কাজ করতে গিয়ে তিনি অনিয়ম, স্বেচ্ছাচারিতা ও দুর্নীতির আশ্রয় নিয়েছেন। এ কারণে উপাচার্য ও তাঁর অনুগত সুবিধাভোগী শিক্ষকদের বিচার দাবি করা হয়।

শিক্ষক সমিতির সভাপতি মুহম্মদ আহসান উল্যাহ বলেন, 'উপাচার্যের অনিয়ম ও দুর্নীতির সঙ্গে যাঁরা জড়িত, তাঁদের বিচারও সভায় দাবি করা হয়। শিক্ষক সমিতি অতীতে পদোন্নতি, চাকরি স্থায়ীকরণ, পারিতোষিক বণ্টন নীতিমালা, আপগ্রেডেশন ও খণ্ডকালীন শিক্ষকের সম্মানী ভাতার দাবি জানিয়ে দীর্ঘদিন আন্দোলন করেছিল। একপর্যায়ে ওই আন্দোলন ১৫ এপ্রিল পর্যন্ত স্থগিত করা হয়। কিন্তু উপাচার্য মহোদয় ওই দাবিগুলো পূরণ করেনি। তাই আমরা স্থগিত আন্দোলন পুনরায় মঙ্গলবার (আজ) থেকে শুরু করছি। পরে ওই আন্দোলন এক দফায় উন্নীত করা হবে।'